# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 22.04.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ লোকসভা নির্বাচনের তৃতীয় দফার জন্য জমা পড়া মনোনয়ন পত্র প্রত্যাহারের আজ'ই শেষ দিন। # এই দফায় রাজ্যের চার আসনে ভোট গ্রহণ ৭'ই মে।

২/ কারচুপির অভিযোগ এড়াতে নির্বাচন কমিশন, রাজনৈতিক দলগুলিকে স্ট্রং রুমে নজর রাখার অনুমতি দিয়েছে।

৩/ লোকসভা নির্বাচনের পরবর্তী দফাগুলির জন্য জোরকদমে চলছে প্রচার।

৪/ স্কুল সার্ভিস কমিশনের নিয়োগ দুর্নীতি মামলায় আজ রায় ঘোষণা করবে কলকাতা হাইকোর্টের বিশেষ ডিভিশন বেঞ্চ।

৫/ দক্ষিণবঙ্গে আগামী বৃহস্পতিবার পর্যন্ত তাপপ্রবাহ চলবে বলে জানিয়েছে আবহাওয়া দফতর ।

৬/ ইডেনে গতকাল IPL-এর উত্তেজনাপূর্ণ ম্যাচে কলকাতা নাইট রাইডার্স, রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুকে ১ রানে হারিয়ে দিয়েছে।

*********************************************************************

লোকসভা নির্বাচনের তৃতীয় দফার জন্য জমা পড়া মনোনয়ন পত্র প্রত্যাহারের আজ'ই শেষ দিন। এই পর্যায়ে এ'রাজ্যের চারটি সহ সারা দেশে মোট ৯৪টি আসনে ভোট নেওয়া হবে আগামী ৭'ই মে।

রাজ্যের যে আসনগুলিতে এই দফায় নির্বাচন হবে, সেগুলি হল- মালদা-উত্তর, মালদা-দক্ষিণ, মুর্শিদাবাদ ও জঙ্গীপুর। একইসঙ্গে মুর্শিদাবাদের ভগবানগোলা বিধানসভা আসনের উপ নির্বাচনেও ভোট নেওয়া হবে ৭-ই মে।

তৃতীয় দফার জন্য ব্যপক নিরাপত্তার ব্যবস্থা রেখেছে নির্বাচন কমিশন। মোট ৪০২ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে বলে কমিশন সূত্রের খবর।

*************************

কারচুপির অভিযোগ এড়াতে নির্বাচন কমিশন সব রাজনৈতিক দলকে স্ট্রংরুমে নজর রাখার অনুমতি দিয়েছে। এর ফলে স্বীকৃত রাজনৈতিক দলের প্রতিনিধিরা স্ট্রংরুমের বাইরে শিবির করে নজরদারি চালাতে পারবেন। পাশাপাশি সিসি ক্যামেরার ফুটেজের মাধ্যমেও ভিতরে কোন কারচুপি হচ্ছে কিনা তা জানতে পারবেন বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে। কোনও প্রার্থী স্ট্রংরুমের পরিস্থিতি সরেজমিনে দেখতে চাইলে কমিশনের দেওয়া পরিচয় পত্রের ভিত্তিতে, কোন কিছু সঙ্গে না নিয়ে ত্রিস্তরীয় নিরাপত্তা বলয়ে প্রবেশ করার অনুমতিও দেওয়া হবে তাঁকে।

উল্লেখ্য, সাত দফা নির্বাচনের পরে আগামী চৌঠা জুন হবে ভোট গণনা।

*************************

দ্বিতীয় দফার লোকসভা ভোটের আগে গতকাল শেষ রবিবার প্রচার ছিল তুঙ্গে।

এই দফায় ২৬-শে এপ্রিল ভোট নেওয়া হবে এরাজ্যের দার্জিলিং, রায়গঞ্জ ও বালুরঘাট আসনে। প্রবীণ বিজেপি নেতা, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, মুর্শিদাবাদের জলঙ্গির নরসিংহপুরের জনসভায় সন্দেশখালি থেকে দুর্নীতি, বিভিন্ন ইস্যুতে তৃণমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে আক্রমণের নিশানা করে বলেন, দিদির পাপের ঘড়া পূর্ণ হয়েছে।

(বাইট – রাজনাথ )

জলঙ্গি থেকে প্রতিরক্ষামন্ত্রী যান মালদা উত্তর লোকসভা কেন্দ্রের অধীন বামনগোলা ব্লকের নালাগোলার জিতু ময়দানে। সেখানেও পশ্চিমবঙ্গের আইন-শৃঙ্খলা পরিস্থিতি, মহিলাদের ওপর নির্যাতন এবং দুর্নীতির প্রশ্নে তিনি সরব হন। শ্রী সিং বলেন, বাংলায় যেকোন দুর্নীতির তদন্তে বা কাউকে গ্রেফতার করতে গেলে ED/CBI-

এর ওপর হামলা হচ্ছে। চরম দুর্নীতি হচ্ছে গরীব মানুষের ১০০ দিনের কাজ, আবাস যোজনার টাকা নিয়ে।

অন্যদিকে, দক্ষিণ দিনাজপুরের কুমারগ্রাম ও বালুরঘাটের জনসভায় তৃণমূল কংগ্রেস প্রধান মমতা ব্যানার্জী বিজেপির কড়া সমালোচনা করে বলেন, এরাজ্যে CAA এবং NRC তিনি কখনোই হতে দেবেন না।

(বাইট – মমতা )

নদীয়ার রানাঘাট লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে গতকাল দত্তফুলিয়ায় এক জনসভায় তৃণমূল কংগ্রেসের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জীও CAA /NRC প্রসঙ্গ উত্থাপন করেন।

বিজেপির শীর্ষ নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্-র গতকাল দার্জিলিং-এর জনসভায় আসার কথা থাকলেও খারাপ আবহাওয়ার দরুণ তাঁর হেলিকপ্টার লেবং-এ নামতে পারেনি। মোবাইলে অমিত শাহ্-র বার্তা মাইক্রোফোনে বাজিয়ে শোনান, দার্জিলিং-এর বিজেপি প্রার্থী রাজু বিস্ত।

পূর্ব মেদিনীপুরের মহিষাদলে, তমলুকের দলীয় প্রার্থী অভিজিৎ গাঙ্গুলীর হয়ে প্রচার করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

এদিকে, মালদা টাউনহলে গতকাল বিকেলে জেলার দুটি লোকসভা কেন্দ্র নিয়ে তৃণমূল কংগ্রেসের সাংগঠনিক আলোচনাসভায় মুখ্যমন্ত্রীর ভার্চুয়ালী যোগ দেবার কথা থাকলেও তিনি সশরীরে হাজির হন। দুটি আসনেই জয়ের জন্য সবাইকে এক জোট হয়ে কাজ করতে বলেন তিনি।

উত্তর দিনাজপুরের রায়গঞ্জের বিজেপি প্রার্থী কার্তিক চন্দ্র পাল, তৃণমূল কংগ্রেস প্রার্থী কৃষ্ণ কল্যাণী এবং বাম–কংগ্রেস জোট প্রার্থী আলি ইমরান রামজ্ গতকাল কালিয়াগঞ্জের বিভিন্ন জায়গায় প্রচার চালান।

অন্যদিকে পূর্ব বর্ধমানের ভাতারের বেলেন্ডা গ্রামে, বর্ধমান –দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষ ও যুব মোর্চার বর্ধমান বিভাগের কনভেনার সৌমেন কার্ফার ছবি দেওয়া পোস্টার, ফেস্টুন ছিঁড়ে দেওয়া হয়েছে বলে বিজেপি-র অভিযোগ। নির্বাচন কমিশনকে বিষয়টি জানানো হয়েছে।

************************

বাম-কংগ্রেস আসন সমঝোতায় ২০১৬ ও ২১-এর বিধানসভা নির্বাচনে বামেদের ভোট কংগ্রেসের দিকে গেলেও কংগ্রেসের ভোট বামেদের দিকে আসেনি বলে রাজনৈতিক বিশ্লেষণে উঠে এসেছিল। গতকাল এক যৌথ সাংবাদিক বৈঠকে এবারের লোকসভা নির্বাচনে দু-দলের আসন সমঝোতার জোটের সম্ভাব্য ফল নিয়ে প্রশ্নের জবাবে বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু বলেছেন, আগে হয়নি বলে এবারেও হবে না, এটা মনে করার কোন কারণ নেই।

(বাইট – বিমান)

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরীও বলেন, বামেদের সঙ্গে সমঝোতা করেই কংগ্রেস লোকসভা নির্বাচনে লড়ছে।

(বাইট – অধীর)

এদিকে, পুরুলিয়া লোকসভা আসনে প্রার্থীর নাম ঘোষণা করেছে শিবসেনা। পেশায় শিক্ষক গৌরিশ রায়কে প্রার্থীর করার কথা গতকাল সাংবাদিক সম্মেলনে করে জানান, দলের রাজ্য সভাপতি চন্দ্রশেখর ঝা।

************************

পূর্ব বর্ধমানের মেমারীর পালসিটে শাসক-বিরোধী দুই পক্ষের প্রচার কর্মসূচীকে কেন্দ্র করে গতকাল তীব্র অশান্তি ছড়ায়। দুই দলই, একে অপরের বিরুদ্ধে মারধোর ও হামলার অভিযোগ তুলেছে। বিজেপির অভিযোগ, বর্ধমান-দুর্গাপুর লোকসভা আসনের প্রার্থীর সমর্থনে পালসিট-হাটতলায় ব্যানার-ফেস্টুন লাগানোর সময় তৃণমূল কংগ্রেসের বিধায়ক নিশীথ মালিকের নেতৃত্বে মিছিল থেকে তাঁদের ওপর হামলা চালানো হয়। ছোঁড়া হয় ইট-পাটকেল। অন্যদিকে বিজেপির বিরুদ্ধে হামলার অভিযোগ তুলেছেন বিধায়ক নিশীথ মালিক। মেমারী থানার পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

************************

কোচবিহারে ভোট গ্রহণ হয়ে গেলেও রাজনৈতিক অশান্তি অব্যাহত।
তুফানগঞ্জের বক্সিরহাটে বিজেপির দুই গোষ্ঠী সংঘর্ষে আহত হয়েছেন চারজন। এদের মধ্যে তুফানগঞ্জ বিধানসভার কনভেনার বিমল পাল'ও রয়েছেন। তাঁর অভিযোগ, স্থানীয় বিজেপি কর্মী ভক্ত দাস লোকজন নিয়ে গিয়ে তাঁদের ওপর হামলা করে। ভক্ত দাসকেও পার্টি অফিসে তুলে নিয়ে গিয়ে মারধোরের অভিযোগ করেছেন তাঁর স্ত্রী।

************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী তথা কোচবিহার লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী নিশীথ প্রামাণিক গতকাল উত্তর ২৪ পরগণার বসিরহাটে রামনবমীর মিছিলে যোগ দেন। বসিরহাট লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রেখা পাত্র সেখানে উপস্থিত ছিলেন।

নিশীথ বাবু বলেন, গোটা রাজ্যের মানুষ তৃণমূল কংগ্রেসকে প্রত্যাহার করেছে। ভোটের ফলাফল থেকেই তা’ স্পষ্ট হয়ে যাবে।

************************

স্কুল সার্ভিস কমিশনের নিয়োগ দুর্নীতি মামলায় আজ রায় ঘোষণা করবে কলকাতা হাইকোর্টের বিশেষ ডিভিশন বেঞ্চ।

সুপ্রিম কোর্টের নির্দেশে SSC-র গ্রুপ-সি, গ্রুপ-ডি কর্মী এবং নবম-দশম ও একাদশ-দ্বাদশ শ্রেণির শিক্ষক নিয়োগে দুর্নীতি সংক্রান্ত একগুচ্ছ মামলার শুনানি হয়েছে বিচারপতি দেবাংশু বসাক এবং বিচারপতি মহম্মদ শব্বর রসিদির ডিভিশন বেঞ্চে। সকাল সাড়ে দশটা নাগাদ এই মামলার রায় ঘোষণা করা হবে বলে জানা গেছে।

বিশেষ ডিভিশন বেঞ্চকে ৬ মাসের মধ্যে শুনানি শেষ করতে বলেছিল শীর্ষ আদালত। সেই মতো গত ডিসেম্বর মাস থেকে ওই মামলাগুলির শুনানি শুরু হয় বিশেষ বেঞ্চে। প্রায় ২৪ হাজারের বেশি শূন্যপদে নিয়োগে দুর্নীতির অভিযোগ উঠেছিল। অনেকের চাকরি বাতিলের নির্দেশ দিয়েছিলেন অবসরপ্রাপ্ত বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। ওই নির্দেশে স্থগিতাদেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। হাইকোর্টের বিশেষ বেঞ্চে মামলাটি ফেরত পাঠিয়ে ৬ মাসের মধ্যে শুনানি শেষ করার নির্দেশ দিয়েছিল শীর্ষ আদালত। চাকরিপ্রার্থীদের পাশাপাশি ভোটের মধ্যেই বহুচর্চিত এই দুর্নীতি মামলার রায় ঘোষণার দিকে তাকিয়ে আছে রাজনৈতিক দলগুলিও।

************************

সুপ্রিম কোর্টের নির্দেশ অনুযায়ী রাজ্যে উপাচার্যের পদ শূন্য থাকা বিশ্ববিদ্যালয়গুলিতে ৬ জন অন্তর্বর্তীকালীন উপাচার্য নিয়োগের সিদ্ধান্ত নিয়েছেন আচার্য সিভি আনন্দ বোস। সেই অনুযায়ী রাজ্য সরকারের প্রস্তাবিত প্রার্থীদের রাজভবনে ডেকে আলোচনা শুরু হয়েছে। রাজভবনের তরফে জানানো হয়েছে, সোমবার আরও কয়েকজন অন্তর্বর্তী উপাচার্য পদপ্রার্থীকে ডাকা হবে ।

উল্লেখ্য, শনিবার রাজ্য সরকারের প্রস্তাবিত ৪ জন প্রার্থীকে রাজভবনে জন্য ডাকা হয়েছিল । সেখানে প্রাক্তন যেসব উপাচার্যদের বিরুদ্ধে বিভিন্ন অভিযোগ ছিল, তা খতিয়ে দেখা হয় । তবে, শনিবার রাজভবনে হওয়া আলোচনায় রাজ্যপাল সিভি আনন্দ বোস নিজে উপস্থিত ছিলেন না, যা নিয়ে নতুন বিতর্ক শুরু হয়েছে । রাজভবনের বিরুদ্ধে 'অসম্মানের' অভিযোগ তোলা হয়েছে । তারপরেও আগামিকাল ফের কয়েকজনকে রাজভবনে তলব করা হয়েছে। কেউ কেউ আবার অন্তর্বর্তীকালীর উপাচার্য হতে রাজি হননি বলে রাজভবনের তরফে জানানো হয়েছে ।

***********************

চার বছরের স্নাতক ডিগ্রিধারীরাও এখন সরাসরি নেট পরীক্ষায় বসার সঙ্গে সঙ্গে যেকোনো বিষয়ে PHD'ও করতে পারবেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন- UGC জানিয়েছে, ন্যূনতম ৭৫ শতাংশ বা সমতুল গ্রেড পাওয়া পড়ুয়ারাই এর জন্য যোগ্য বলে নির্বাচিত হবে।

বর্তমানে নেট পরীক্ষায় বসার জন্য একজন প্রার্থীকে স্নাতকোত্তরে অন্ততঃ ৫৫ শতাংশ নম্বর পেতে হয়।

***********************

সন্দেশখালিতে শেখ শাজাহান ও তার দলবদলের বিরুদ্ধে জোর করে জমি দখল, মহিলাদের ওপর নির্যাতন সহ বিভিন্ন অভিযোগের তদন্তে CBI -র দল গতকাল আবার সেখানে যায়। সন্দেশখালির ২ নম্বর ব্লকের পাত্রপাড়া ও দাড়ির জঙ্গল এলাকায় গিয়ে ৬/৭ জন গ্রামবাসীর বয়ান নথিভুক্ত করেন তদন্তকারীরা ।

কলকাতা হাইকোর্টের নির্দেশে চালু করা ই-মেল আইডিতে যেসব অভিযোগ এসেছে, সেগুলির তদন্তে আগের দিন'ও সন্দেশখালি গিয়ে অভিযোগকারীদের সঙ্গে কথা বলে সি বি আই।

***********************

পশ্চিম থেকে উত্তর-পশ্চিম দিকে বইতে থাকা শুষ্ক গরম বাতাসের প্রভাবে দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাই তীব্র তাপপ্রবাহের কবলে। আগামী বৃহস্পতিবার পর্যন্ত তাপপ্রবাহ একই রকম থাকার সম্ভাবনা।

হুগলী, দুই ২৪ পরগণা, নদীয়া, মুর্শিদাবাদ, দুই মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বীরভূম, বাঁকুড়া ও দুই বর্ধমান জেলাতে তাপপ্রবাহের সতর্কতা রয়েছে। গরম ও অস্বস্তিকর পরিস্থিতি বজায় থাকবে কলকাতা, হাওড়া, মালদা ও দুই দিনাজপুরে। আবহাওয়াবিদ সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানালেন- (বাইট- সৌরাশিস )

তবে, হিমালয় সংলগ্ন দার্জিলিং ও কালিম্পং-এর দু-এক জায়গায় বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে। সামান্য বৃষ্টি হতে পারে দুই মেদিনীপুরে।

গতকাল রাজ্যের মধ্যে মধ্যে উষ্ণতম ছিল বাঁকুড়া। সেখানে তাপমাত্রা স্বাভাবিকের ৬'দশমিক এক ডিগ্রি ওপরে- ৪৪ দশমিক ৫'ডিগ্রি সেলসিয়াস। পানাগড়ে তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে ৭'দশমিক ৯'ডিগ্রি বেড়ে ৪৪ ডিগ্রিতে দাঁড়ায়। কলকাতায় গতকাল সর্ব্বোচ্চ তাপমাত্রা ছিল ৪০ দশমিক ৩'ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ৪'ডিগ্রি বেশী। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে স্বাভাবিকের চেয়ে ৩'ডিগ্রি বেশী- ২৯ দশমিক ৬'ডিগ্রি সেলিয়াস।

**********************

ইডেনে গতকাল IPL-এর উত্তেজনাপূর্ণ ম্যাচে কলকাতা নাইট রাইডার্স রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুকে ১ রানে হারিয়ে দিয়েছে।

ব্যাঙ্গালুরু টসে জিতে কলকাতাকে ব্যাট করতে পাঠায়। কলকাতা নির্ধারিত ২০ ওভারে ৬ উইকেটে ২২২ রান তোলে।

জবাবে ব্যাট করতে নেমে ব্যাঙ্গালুরু ২০ ওভারে ২২১ রানে সব ক'টি উইকেট হারায়। উইল জ্যাকস ৫৫, রজত পাতিদার ৫২ রান করেছেন। আন্দ্রে রাসেল তিনটি উইকেট নিয়েছেন। এই জয়ের ফলে KKR ৭ ম্যাচে ১০ পয়েন্ট সংগ্রহ করলো।

*****************************************************************